

আবেদনের ন্যূনতম যোগ্যতা:

১. এস.এস.সি ও এইচ.এস.সি (অথবা সমমান পরীক্ষা) উভয় পরীক্ষায় আলাদাভাবে জিপিএ ২.৫০ (দ্বিতীয় বিভাগ) অথবা এস.এস.সি ও এইচ.এস.সি (অথবা সমমান পরীক্ষা) দুই পরীক্ষা মিলে একত্রে জিপিএ ৬.০০ থাকতে হবে, তবে সে ক্ষেত্রে এই দুই পরীক্ষার কোনোটাতে জিপিএ ২.০০ এর নিচে থাকা যাবে না। যেমন-

এস.এস.সি	এইচ.এস.সি	মোট	ভর্তির যোগ্যতা
২.৫০	২.৫০	৫.০০	যোগ্য
৪.০০	২.০০	৬.০০	যোগ্য
২.৫০	২.০০	৪.৫০	অযোগ্য
৩.৫০	২.০০	৫.৫০	অযোগ্য
৪.০০	১.৯৯	৫.৯৯	অযোগ্য

২. 'O' Level পরীক্ষায় পাঁচ বিষয় এবং 'A' Level পরীক্ষায় দুই বিষয় (মেজর) মিলিয়ে মোট সাত বিষয়ের মধ্যে কমপক্ষে চারটি বিষয়ে 'B' Grade বা জিপিএ ৪.০০ এবং তিনটি বিষয়ে 'C' Grade বা জিপিএ ৩.৫০ থাকতে হবে। (স্কেল: A=৫, B=৪, C=৩.৫, D=২, E=১)

৩. সিএসই, ইইই, আর্কিটেকচার ও গণিত বিভাগে ভর্তি হতে চাইলে এস.এস.সি ও এইচ.এস.সি (অথবা সমমান পরীক্ষা) উভয় পরীক্ষায় বিজ্ঞান বিভাগে থাকতে হবে।

৪. স্নাতক পর্যায়ে ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে।

৫. এলএলএম, এম.এ ইন ইংলিশ, এম.এস.এস ইন ইকোনমিকস কোর্স করার জন্য সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী কোর্স সম্পন্ন করতে হবে।

৬. এমবিএ (১ বছর) কোর্স করার জন্য ৪ বছর মেয়াদী বিবিএ কোর্স সম্পন্ন করতে হবে এবং ন্যূনতম জিপিএ ২.৭৫ থাকতে হবে।

৭. এম.এস.সি (গণিত) পার্ট-২ কোর্স করার জন্য এম.এস.সি (গণিত) পার্ট-১ অথবা গণিতে সম্মান কোর্স সম্পন্ন করতে হবে এবং এম.এস.সি (গণিত) পার্ট-১ কোর্স করার জন্য গণিত স্নাতক অথবা সংশ্লিষ্ট বিষয়ে সম্মান কোর্স সম্পন্ন করতে হবে।

৮. GED গ্রহণযোগ্য নয়।

অনলাইনে আবেদনপত্র পূরণ করার নিয়মাবলী:

১) আগ্রহী প্রার্থীগণকে <https://puc.ac.bd/> ওয়েবসাইটের home page এ Apply Online - এ click করে অথবা সরাসরি <https://puc.ac.bd/StudentAdmission/PuAdmissionFormStep1> লিংকে প্রদত্ত ফরমে আবেদন করতে হবে।

২) যেকোন মোবাইল নম্বর থেকে বিকাশের মাধ্যমে ০১৩১৩০৪৪৫১৯ (Merchant No.) নম্বরে ৫১০ টাকা পে করুন এবং Transaction নম্বরটি সংরক্ষণ করুন। এজন্য প্রথমে *২৪৭# ডায়াল করুন, অতঃপর ৪ ইনপুট করুন, অতঃপর ০১৩১৩০৪৪৫১৯ নম্বরটি ইনপুট করুন, অতঃপর টাকার পরিমাণ ৫১০ ইনপুট করুন। রেফারেন্স নম্বর চাইলে আপনি আপনার মোবাইল নম্বরটি লিখে দিন। এরপর আপনার পিন নম্বর দিন। টাকা পে করার পর বিকাশের পক্ষ হতে আপনাকে একটি Transaction ID দেয়া হবে। এই Transaction ID নিয়ে <https://puc.ac.bd/StudentAdmission/PuAdmissionFormStep1> এই লিংকে গিয়ে ফরমটি পূরণ করুন।

৩) Transaction ID Valid হলে আপনার প্রদত্ত মোবাইল নম্বর ও ইমেইল ঠিকানায় আপনার ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রেরণ করা হবে। উক্ত তথ্য ব্যবহার করে <https://puc.ac.bd/StudentAdmission/PuAdmissionLogin> এই লিংকে ক্লিক করে লগইন করতে হবে। আপনি চাইলে পাসওয়ার্ড পরিবর্তনও করতে পারবেন।

৪) লগইন করে প্রাপ্ত এডমিশন সেশন ও এডমিশন টেস্ট নির্বাচন করে প্রয়োজনীয় সকল তথ্য প্রদান করুন। এডমিশন সেশন ও এডমিশন টেস্ট পরবর্তীতে পরিবর্তনশীল নয়। তবে যদি এডমিশন সেশন ও এডমিশন টেস্ট না থাকে তবে পরবর্তীতে যে এডমিশন সেশন ও এডমিশন টেস্ট আসবে তার অধীনে ফরম পূরণ করা যাবে।

৫) অনলাইন আবেদন পত্রে প্রার্থীকে নিজের রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) pixel এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে।

৬) ফরম পূরণ হয়ে গেলে প্রবেশপত্র প্রিন্ট করুন এবং সংরক্ষণ করুন। প্রবেশপত্রের ভিউতে যদি ছবি ও স্বাক্ষর দেখা না যায় তাহলে চিহ্নিত না হয়ে স্ক্রিনশটে নির্দেশিত জায়গা ক্লিক করে পিডিএফ ফাইল ডাউনলোড করুন, ফাইলে ছবি ও স্বাক্ষর দেখা যাবে। এক্ষেত্রেও যদি দেখা না যায় তাহলে অবশ্যই ০১৩১৩০৪৪৫১৫-

৭ নম্বরে যোগাযোগ করুন।

৭) প্রবেশপত্র ও প্রয়োজনীয় কাগজপত্র (সংশ্লিষ্ট পরীক্ষার ট্রান্সক্রিপ্ট) নিয়ে প্রবেশপত্রে উল্লেখিত তারিখ, সময় অনুসারে পরীক্ষা স্থানে পৌঁছাতে হবে। সময় অনুসারে পৌঁছাতে না পারলে উক্ত প্রার্থীর ফরম বাতিল বলে গণ্য হবে।

|

৳) প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের Declaration অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য প্রমাণিত হলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আবেদনপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে। যদি আবেদনকারী ভর্তির জন্য গ্রহণযোগ্য হয় তাহলে বিশ্ববিদ্যালয়ের সকল নিয়ম ও প্রবিধান মেনে চলার এবং যথাসময়ে সকল ফি এবং চার্জ যথাসময়ে প্রদান করার অঙ্গীকার হিসেবে Declaration অংশে চেকপয়েন্টে রাইট চিহ্ন দিতে হবে।

বি.দ্র.: আবেদনের ন্যূনতম যোগ্যতা ও প্রদত্ত নিয়মাবলী সাবধানতার সাথে পড়ুন। আবেদনের যোগ্যতা না থাকার কারণে বা অসত্য তথ্য প্রদানের কারণে আবেদনপত্র ও প্রবেশ পত্র বাতিল হলে আবেদন ফি ফেরত দেয়া হবে না।